



**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন**  
**টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫**  
**ওয়েব সাইট: www.berc.org.bd**

**গণ-বিজ্ঞপ্তি**

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২১.২৬৪০

তারিখ :

১৪ ভাদ্র ১৪২৮

২৯ আগস্ট ২০২১

**বিষয়ঃ এলপিজি'র নির্ধারিত/পুনঃনির্ধারিত মূল্যহার (ট্যারিফ) পরিবর্তনের আবেদন/প্রস্তাবের বিষয়ে আগ্রহী পক্ষগণের শুনানি।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ প্রিষ্ঠার তারিখের আবেদন এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪(৪) এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণকে শুনানি প্রাদানপূর্বক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আবেদন নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে কমিশন কর্তৃক ভোকাপর্যায়ে সরকারি/বেসরকারি এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়। সৌদি আরামকো কর্তৃক ঘোষিত মাসভিত্তিক Saudi Contract Price (Saudi CP)'র সাথে সামঞ্জস্য রেখে উক্ত আবেদনের অনুচ্ছেদ ৮.৬ অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত কমিটি'র সুপারিশের ভিত্তিতে কমিশন কর্তৃক ২৯ এপ্রিল ২০২১ তারিখে বিইআরসি আবেদন নম্বর: ২০২১/০২, ৩১ মে ২০২১ তারিখে বিইআরসি আবেদন নম্বর: ২০২১/০৩, ৩০ জুন ২০২১ তারিখে বিইআরসি আবেদন নম্বর: ২০২১/০৪ এবং সর্বশেষ ২৯ জুলাই ২০২১ তারিখে বিইআরসি আবেদন নম্বর: ২০২১/০৫ এর মাধ্যমে বেসরকারি এলপিজি'র এবং অটোগ্যাসের মূল্য সময় করা হয়েছে।

০১। কমিশন কর্তৃক নির্ধারিত/পুনঃনির্ধারিত বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ এবং রিটেইলার চার্জসহ ভোকাপর্যায়ে এলপিজি'র মূল্যহার (ট্যারিফ) পরিবর্তনের জন্য বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সিংগ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী ২৯ মে থেকে ০৩ জুন ২০২১ তারিখের মধ্যে ১৮ টি আবেদন/প্রস্তাব কমিশনে দাখিল করেছে। উক্ত আবেদন/প্রস্তাবসমূহের বিষয়ে কমিশন কর্তৃক ইতিপূর্বে ০৭-০৮ জুলাই ২০২১ তারিখসমূহে আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণের তারিখ ধার্য করা হয়, যা করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্প সরকার কর্তৃক ০১ থেকে ১৪ জুলাই ২০২১ এবং ২৩ জুলাই থেকে ১০ আগস্ট ২০২১ পর্যন্ত জনসাধারণের সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করায় এবং উক্ত সময়ে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ বৰ্ক ঘোষণা করায় স্থগিত করা হয়। পরবর্তীতে সরকার কর্তৃক ১১ আগস্ট ২০২১ তারিখ থেকে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসসমূহ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক খোলা ঘোষণা করায় কমিশন কর্তৃক ১৭-১৮ আগস্ট ২০২১ তারিখসমূহে বর্ণিত বিষয়ে আগ্রহী পক্ষগণের শুনানি গ্রহণের তারিখ পুনরায় ধার্য করা হয় যা, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নম্বর-৫৭৬৩/২০২১ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২ আগস্ট ২০২১ তারিখে প্রদত্ত রূল ও স্থগিতাদেশের কারণে স্থগিত করা হয়। উক্ত স্থগিতাদেশের বিষয়ে কমিশন কর্তৃক দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-১৭২২/২০২১ এর পরিপ্রেক্ষিতে মহামান্য আগিল বিভাগের চেম্বার জজ আদালত ২৬ আগস্ট ২০২১ তারিখে সংশ্লিষ্ট সকল পক্ষের উপস্থিতিতে শুনানিঅন্তে মহামান্য হাইকোর্ট বিভাগের ১২ আগস্ট ২০২১ তারিখের আবেদন ০৬ (ছয়) সপ্তাহের জন্য স্থগিত করেছেন মর্মে কমিশন কর্তৃক নিয়োজিত আইনজীবী অবহিতকরণ রিপোর্ট মারফত কমিশনকে অবহিত করেছেন।

০৩। এ প্রক্ষিতে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী প্রাপ্ত বর্ণিত ১৮ টি আবেদন/প্রস্তাবসমূহের বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুযায়ী নিম্নবর্ণিত স্থান এবং সময় অনুযায়ী আগ্রহী পক্ষগণের শুনানি অনুষ্ঠিত হবে:

শুনানির তারিখ ও সময়	শুনানির বিষয়	শুনানির স্থান
১৩-১৪ সেপ্টেম্বর ২০২১ সকাল ১১:০০ টা - বিকাল ০৫:০০ টা (১৩সেপ্টেম্বর ২০২১ তারিখে শুনানি সমাপ্ত না হলে প্রয়োজনে ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে শুনানি অব্যাহত রাখা হবে।)	বেসরকারি এলপিজি'র মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ, রিটেইলার চার্জ ইত্যাদি বিষয়ে শুনানি।	শহীদ এ.কে.এম. শামসুল হক খান মেমোরিয়াল (অডিটোরিয়াম) হল  বাংলাদেশ ইন্সটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যাঙ্ক ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন ৬৩ নিউ ইঙ্কাটন, ঢাকা ১২১৫

০৪। আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা-কে ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে শুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। অধিকস্তু, শুনানিতে অংশগ্রহণের নিমিত্ত ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তির জন্যও অনুরোধ করা হ'ল।

০৫। তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা উল্লিখিত তারিখে অনুষ্ঠেয় শুনানিতে অংশগ্রহণপূর্বক বেসরকারি এলপিজি'র মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ, ডিস্ট্রিবিউটর চার্জ, রিটেইলার চার্জ ইত্যাদি বিষয়ে বিশেষণধর্মী তথ্য-উপাত্ত ও সংশ্লিষ্ট দলিলাদি উপস্থাপন করতে পারবেন।

০৬। এলপিজি'র মূল্যহার (ট্যারিফ) পরিবর্তন সংক্রান্ত লাইসেন্সিংসমূহের আবেদন/প্রস্তাব অফিস চলাকলীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও কমিশনের ওয়েব সাইট [www.berc.org.bd](http://www.berc.org.bd) থেকে ডাউনলোড করা যাবে।

০৭। নির্ধারিত শুনানিতে অংশগ্রহণ বা উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

কমিশনের নির্দেশক্রমে,  
  
 মোঃ ফজলুল হক নূর  
 সচিব, বিইআরসি।  
 ফোন: ০২-৫৫০১৪০০৭